Vol. 140 Issue 173

Chattagram Maa-O-Shishu Hospital

# Bulletin

For Internal Circulation Only

October-December 2014

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৩৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৩৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী গত ০৩/০১/২০১৫ ইং তারিখ হাসপাতালের লেকচার গ্যালারীতে কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান-আরা ইসলাম, ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান, এস এম মোরশেদ হোসেন, ডাঃ এম মাহফুজুর রহমান, কার্যনির্বাহী কমিটির সদস্য ইঞ্জিনিয়ার এম. আলী আশরাফ, চমাশিহা মেডিকেল কলেজের অধ্যক্ষ প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ ও হাসপাতালের ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক। প্রধান অতিথি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন তার বক্তব্যে বলেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল নিঃসন্দেহে একটি ব্যতিক্রমধর্মী ও সেবামূলক প্রতিষ্ঠান। চট্টগ্রামের মানুষের চিকিৎসা সেবার জন্য এই হাসপাতাল দীর্ঘদিন যাবৎ অত্যন্ত গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। আমার জেনে অত্যন্ত ভাল লাগছে যে, এই হাসপাতালে কোন রোগী অর্থাভাবে চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হবে না - হাসপাতাল কর্তৃপক্ষের এই মনোভাবের জন্য। তিনি আরো বলেন, সরকারী কোন অনুদান ছাড়া এই হাসপাতালের এত বিশাল কর্মকান্ডে আমি অভিভুত। তিনি হাসপাতালের এই উন্নয়ন কর্মকান্ডে বিশেষ করে নতুন হাসপাতাল ভবন নির্মাণ কাজে সরকারের অংশ গ্রহণের জন্য সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাবেন। প্রয়োজনে এ ব্যাপারে তিনি মাননীয় প্রধানমন্ত্রীর সাথেও দেখা করবেন মর্মে সভাকে অবহিত করেন। মাননীয় মন্ত্রী আরো বলেন, স্বাস্থ্য মন্ত্রণালয় থেকে যাতে হাসপাতালের জন্য Grant in Aid খাতে অনুদান আরো বৃদ্ধি করা হয় এজন্য তিনি স্বাস্থ্য মন্ত্রী মহোদয়ের সাথে যোগাযোগ করবেন। মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহোদয়কে স্বল্প সময়ের মধ্যে এই হাসপাতাল পরিদর্শনের জন্য নিয়ে আসবেন মর্মে সভাকে অবহিত করেন। চট্টগ্রামের সন্তান হিসেবে এই হাসপাতালের জন্য যখন যা করা দরকার তিনি সম্ভব সকল সহযোগিতার আশ্বাস প্রদান করেন। তিনি ৩৫ তম প্রতিষ্ঠা বার্ষিকীতে হাসপাতালের সকল আজীবন সদস্য/সদস্য, ডাক্তার, নার্স, কর্মকর্তা ও কর্মচারীগণকে শুভেচ্ছা জানান ও হাসপাতালের উত্তরোত্তর সমৃদ্ধি ও সাফল্য কামনা করেন। কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম আজকের এই দিনে হাসপাতালের প্রতিষ্ঠাতা সভাপতি মরহুম ডাঃ এ এফ এম ইউসুফ, মরহুম ইঞ্জিনিয়ার এল কে সিদ্দিকী, মরহুম প্রফেসর ডাঃ এম নুরউন নবী, মিসেস মর্জিনা করিম সহ যারা এ পৃথিবী থেকে বিদায় নিয়েছেন তাঁদের প্রতি গভীর শ্রদ্ধা জানান। তিনি মেডিকেল কলেজ বাস্তবায়নে প্রফেসর এ এস এম ফজলুল করিম, মরহুম প্রফেসর ডাঃ এম নুরউন নবী, প্রফেসর এম এ তাহের খান, এস এম মোরশেদ হোসেন ও জনাব মোঃ রেজাউল করিম আজাদ এর অবদান কৃতজ্ঞতার সাথে স্মরণ করেন। তিনি আরো বলেন, হাসপাতালের আজীবন সদস্য/সদস্যাদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ও সহযোগীতায় এই হাসপাতাল এত দূর এসেছে। তিনি ২০১৪ সালে কার্যনির্বাহী কমিটির নির্বাচনে প্রফেসর এ এস এম ফজলুল করিম-ডাঃ আঞ্জুমান-আরা ইসলাম প্যানেলকে পূর্ন প্যানেলে ভোট দিয়ে নির্বাচিত করায় সম্মানিত আজীবন সদস্য/সদস্যাগণকে আন্তরিক ধন্যবাদ জানান। কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম মাননীয় প্রধান অতিথিকে হাসপাতাল পরিদর্শনের জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি মাননীয় মন্ত্রী মহোদয়কে সরকারের পক্ষ থেকে ডিপিপি অথবা বিশেষ বরাদ্ধের মাধ্যমে নতুন হাসপাতাল ভবন নির্মাণে সহযোগিতার জন্য বিশেষভাবে অনুরোধ জানান। এর আগে মাননীয় মন্ত্রী মহোদয় হাসপাতালের চিকিৎসা সেবা ও বির্ভিন্ন বিভাগ সমূহ পরিদর্শন করেন। মাননীয় মন্ত্রী মহোদয় হাসপাতালের ৩৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে একটি বিশেষ কেক কাটেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব রেজাউল করিম আজাদ, ইঞ্জিঃ মোঃ জাবেদ আবছার চৌধুরী, ডাঃ কামরুন নাহার দস্তগীর, অধ্যক্ষ লায়ন ডঃ মোহাম্মদ সানাউল্লাহ, ডাঃ মোঃ পারভেজ ইকবাল শরীফ, আলহাজ্ব মোঃ হারুন ইউসুফ, আলহাজ্ব জাহিদুল হাসান প্রমুখ। অনুষ্ঠানে বিপুল সংখ্যক আজীবন সদস্য/সদস্যা, হাসপাতাল ও মেডিকেল কলেজের শিক্ষক/শিক্ষিকা, ডাক্তার, নার্স, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র/ছাত্রীগণ অংশ গ্রহণ করেন। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন।



*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৩৫তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন মাননীয় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন ও মঞ্চে উপবিষ্ট সম্মানীত অতিথিবৃন্দ।*

# President's Corner

Ours is a DREAM, The Dream has transformed into a VISION, The Vision is to have a complete medical village with solutions for every conceivable and foreseeable health problem. The hospital that we have and are going to have, the Medical College, the Nursing Institute/College, the Child Health Institute and many other Institutes on proposition must be of standard, ever improving, service oriented and non-profit making. It ought to be such an organisation about which all and sundry can be proud of and feel happy about.

This ever growing gigantic organisation needs efficient management and management is the core issue in to-day's Bangladeshi hospitals. We must not fail in efficiently managing the organisations. We have an excellent united Executive Committee (E.C) at the apex which formulates policies and supervises the execution of the policies. At the execution level we must have a very united, efficient and dedicated team and the team must be trained in modern technology of hospital management. There are 5 enemies of excellence.

1. **Poor Communication :** There must have daily, weekly, monthly, quarterly, half-yearly and yearly meetings for everyone at appropriate levels.
2. **Lack of Shared Purpose :** The vision, Mission and core values must be shared by all passionately.
3 **Gossip :** Gossip about the organisation and leadership is a particularly evil form of disloyalty. We need a **"NO GOSSIP POLICY"**. Problems shared upwards is good. Discussing problems downwards or sideways is GOSSIP. Violation of declared policies should lead to administrative actions. Positives can be shared downwards but the negatives can only be shared upwards.
4. **Unresolved Disagreements :** All disagreement's must be resolved in free and frank manner. The E.C must play an active role in ensuring that there are no unresolved disagreements. Every leader must ensure that there is a no unresolved disagreement in his team. Everyone must be encouraged to take up any unresolved disagreements with his leader to resolve.
5. **Sanctioned Incompetence :** Sanctioned incompetence demoralizes and the leadership does not act. The team becomes demoralized.

Inclusion, not Exclusion is the policy

**CONSTANT AND CONCERTED VIGILANCE IS THE KEY TO SUCCESS.**

**"Peace is not the absence of violence but the presence of justice".**

- Dr. Martin Luther King Jr.

With warm wishes

**A.S.M Fazlul Karim**
President, Executive Committee
Chattagram Maa-O-Shishu Hospital
Agrabad, Chittagong.

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল ঃ সাফল্য ও অগ্রযাত্রার ৩৫ বছর

"চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল" চট্টগ্রাম শহরের আগ্রাবাদ এলাকায় অবস্থিত সম্পূর্ণ বেসরকারী উদ্যোগে প্রতিষ্ঠিত একটি স্বেচ্ছাসেবী, জনহিতকর ও স্বাস্থ্য সেবামূলক হাসপাতাল। জনসাধারণের অর্থানুকূল্যে এটি পরিচালিত হচ্ছে। ১৯৭৯ সালের ৩১শে ডিসেম্বর আন্তর্জাতিক শিশু বর্ষ উপলক্ষে চট্টগ্রামের কিছু মহৎ প্রাণ সমাজ হিতৈষি ব্যক্তি বর্গের উদ্যোগে এই হাসপাতাল প্রতিষ্ঠা লাভ করে। ইতিমধ্যে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল প্রতিষ্ঠার ৩৫ বছর অতিক্রান্ত হয়েছে। প্রাথমিক ভাবে শুধুমাত্র শিশু স্বাস্থ্য বহির্বিভাগের মাধ্যমে এই হাসপাতালের যাত্রা শুরু হলেও বর্তমানে এটি ৬৫০ শয্যা বিশিষ্ট একটি পূর্ণাঙ্গ জেনারেল হাসপাতাল হিসেবে পরিচালিত হচ্ছে। অত্র হাসপাতালে বর্তমানে বহির্বিভাগে শিশু স্বাস্থ্য, মেডিসিন, অবস এন্ড গাইনী, জেনারেল সার্জারী, অর্থোপেডিক সার্জারী, শিশু সার্জারী, নাক-কান-গলা, চক্ষু, দন্ত, চর্ম ও যৌন রোগ, ফিজিক্যাল মেডিসিন এন্ড রিহ্যাবিলিটেশন সেন্টার, মানসিক রোগ, এ্যজমা ক্লিনিক, ল্যাকটেশন ম্যানেজমেন্ট সেন্টার, ইপিআই প্রোগ্রাম, ডট্স কর্ণার, কনসালটেন্সি সার্ভিস, বিভিন্ন সাব-স্পেশালিটি ক্লিনিক, ব্লাড ব্যাংক ইত্যাদি এবং আন্তঃ বিভাগে মেডিসিন, শিশু স্বাস্থ্য, নিওনেটলজি, শিশু নিউরোলজি, অবস্ এন্ড গাইনী, জেনারেল সার্জারী, শিশু সার্জারী, অর্থোপেডিক সার্জারী, নাক-কান-গলা ও চক্ষু বিভাগের চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। এছাড়া বিশেষায়িত চিকিৎসা সেবা হিসেবে চালু রয়েছে এডাল্ট আইসিইউ, সিসিইউ, এইচডিইউ, এনআইসিইউ, শিশু আইসিইউ, শিশু এইচডিইউ, শিশু সিসিইউ, থেলাসেমিয়া ইউনিট, কিডনী রোগীদের জন্য হেমোডায়ালাইসিস ইউনিট, ইউরোলজি, প্লাস্টিক সার্জারী, গ্যাষ্ট্রোএন্টারলজি বিভাগ, শারীরিক ও মানসিক প্রতিবন্ধি শিশুদের জন্য অত্যাধুনিক সকল সুযোগ সুবিধা সহ বিশেষায়িত শিশু বিকাশ কেন্দ্র। ভবিষ্যতে এই হাসপাতালে আরো নতুন নতুন বিশেষায়িত চিকিৎসা সেবা চালু করা হবে।


প্রস্তাবিত চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল ভবন


নির্মাণাধীন নতুন হাসপাতাল ভবন

অসহায়, দুঃস্থ ও গরীব রোগীদের এখানে সম্পূর্ণ বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। এছাড়া অসহায় ও গরীব রোগীদের প্রযোজ্য ক্ষেত্রে যাকাত ফান্ড ও দরিদ্র কল্যাণ তহবিল থেকে বিনামূল্যে প্রয়োজনীয় ঔষধ পত্র সরবরাহ করা হয়ে থাকে। অনান্য রোগীদের ক্ষেত্রেও অত্যন্ত কম মূল্যে বা নামমাত্র মূল্যে সকল চিকিৎসা সেবা প্রদানের ব্যবস্থা রয়েছে। অর্থাৎ কোনো রোগী অর্থাভাবে চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হবে না - এটি এই প্রতিষ্ঠানের একটি অন্যতম লক্ষ্য।

বর্তমানে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের অধীনে নিম্নবর্ণিত প্রকল্প সমূহ অত্যন্ত সফল ও সুনামের সাথে পরিচালিত হচ্ছে।

১. চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজ [ইতিমধ্যে এটি দেশের অন্যতম সেরা একটি বেসরকারী মেডিকেল কলেজ হিসেবে সুনাম অর্জন করেছে। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের বর্তমানে ১০তম ব্যাচের ভর্তি প্রক্রিয়া শেষ হয়েছে এবং ৪টি ব্যাচ এমবিবিএস কোর্স সফল ভাবে সম্পন্ন করেছে]

২. চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতাল (৬৫০ শয্যা বিশিষ্ট পূর্ণাঙ্গ জেনারেল হাসপাতাল হিসেবে পরিচালিত হচ্ছে, যার কার্যক্রম উপরে উল্লেখ করা হয়েছে)

৩ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল নার্সিং ইনষ্টিটিউট [বর্তমানে এখানে ডিপ্লোমা ইন নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারী কোর্স চালু আছে। অত্র ইনষ্টিটিউটের অধীনে বিএসসি ইন নার্সিং কোর্স চালু করা সহ একটি পূর্ণাঙ্গ নার্সিং কলেজ চালু করার পরিকল্পনা আছে]

৪. চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ [পোষ্ট গ্রেজুয়েট ট্রেনিং সেন্টার এর অধীনে বর্তমানে ডিসিএইচ কোর্স ও বিভিন্ন গবেষণা মূলক কার্যক্রম চালু আছে। এমডি (পেডিয়েট্রিকস) কোর্স চালুর বিষয়টি প্রক্রিয়াধীন আছে।]

এখানে আরো উল্লেখ্য যে, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের মেডিসিন, শিশু স্বাস্থ্য, জেনারেল সার্জারী, অর্থোপেডিক সার্জারী, শিশু সার্জারী, নিওনেটলজি, শিশু নিওরোলজি ও অবস এন্ড গাইনী বিভাগের প্রশিক্ষন বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস এন্ড সার্জনস কর্তৃক স্বীকৃত ও অনুমোদিত। চিকিৎসা সেবার পাশাপাশি উচ্চ শিক্ষা ও গবেষণা কর্মে এ প্রতিষ্ঠান গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা ঃ** ভবিষ্যতে এখানে একটি বেসরকারী মেডিকেল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা, নতুন নতুন বিশেষায়িত চিকিৎসা সেবা চালু সহ একটিপূর্ণাঙ্গ মেডিকেল ভিলেজ হিসেবে প্রতিষ্ঠার জন্য পরিকল্পনা নেয়া হয়েছে। সে লক্ষ্যে হাসপাতালের একটি মাষ্টার প্ল্যান তৈরী করা হয়েছে। উক্ত মাষ্টার প্ল্যান অনুযায়ী ৮৫০ শয্যা বিশিষ্ট (১৩ তলা) নতুন হাসপাতাল ভবনের নির্মাণ কাজ শুরু করা হয়েছে এবং উক্ত নির্মাণ কাজ দ্রুত গতিতে এগিয়ে চলেছে। নতুন এই হাসপাতাল ভবন নির্মাণে শুধুমাত্র ষ্ট্রাকচার নির্মাণে প্রায় ১৮২ কোটি টাকা ব্যয় হবে এবং যন্ত্রপাতি সমৃদ্ধকরণ সহ পূর্ণাঙ্গ হাসপাতাল চালু করতে আনুমানিক ৫০০ কোটি টাকা ব্যয় হবে। গত ২৬/০১/২০১৩ ইং তারিখ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা নতুন এই হাসপাতাল ভবনের নির্মাণ কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। আমরা আশা করি যথাসময়ে এই নতুন হাসপাতাল ভবনের নির্মাণ কাজ সম্পন্ন হবে। নতুন এই হাসপাতাল ভবনে সকল বিশেষায়িত চিকিৎসা সেবার ব্যবস্থা থাকবে। নতুন এই হাসপাতাল ভবন নির্মিত হলে তা এই অঞ্চলে সরকারের পাশাপাশি বেসরকারী পর্যায়ে স্বাস্থ্য সেবা প্রদানে যুগান্তকারী অবদান রাখবে। আমরা হাসপাতালের উন্নয়নে বিশেষ করে নতুন এই হাসপাতাল ভবন নির্মাণে সহযোগিতার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, সমাজের দানশীল ব্যক্তিবর্গ, বেসরকারী বিভিন্ন দাতা সংস্থা, কর্পোরেট প্রতিষ্ঠান ও সমাজের বিত্তশালীদের এগিয়ে আসার জন্য উদাত্ত আহবান জানাচ্ছি।

*ডা. **আঞ্জুমান আরা ইসলাম**, জেনারেল সেক্রেটারী-কার্যনির্বাহী কমিটি, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল।*

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের শিশু নিউরোলজী ও শিশু বিকাশ কেন্দ্রের উদ্যোগে Future of Child Development in Bangladesh কর্মশালা অনুষ্ঠিত

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের শিশু নিউরোলজী ও শিশু বিকাশ কেন্দ্রের উদ্যোগে Future of Child Development in Bangladesh শীর্ষক এক কর্মশালা অদ্য ১৪.১২.২০১৪ ইং তারিখ হাসপাতালের সেমিনার কে অনুষ্ঠিত হয়। কর্মশালায় সভাপতিত্ব করেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্পপন করেন যুক্তরাষ্টের স্কটল্যান্ডে কর্মরত ডাঃ এম জি মোস্তফা। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দৈনিক আজাদী পত্রিকার পরিচালনা সম্পাদক জনাব ওয়াহিদ মালিক। কর্মশালায় আরও বক্তব্য রাখেন উপ-পরিচালক জেলা সমাজ সেবা কার্যালয় মিসেস বন্দনা দাশ, হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ রেজাউল করিম আজাদ, ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ এর পরিচালক ও হাসপাতালের শিশু বিকাশ কেন্দ্রের কনসালটেন্ট প্রফেসর ডাঃ মাহমুদ আহমেদ চৌধুরী আরজু, চট্টগ্রাম মেডিকেল কলেজের গাইনী বিভাগের আর.এস ডাঃ ফাহমিদা ইসলাম প্রমুখ। উক্ত কর্মশালায় চট্টগ্রামে শারীরিক ও মানসিক প্রতিবন্ধী শিশুদের নিয়ে যে সকল প্রতিষ্ঠান কাজ করছেন তাদের প্রতিনিধি ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। কর্মশালায় শিশু বিকাশ কেন্দ্র সমূহের উন্নয়ন ও সমন্বিত চিকিৎসা সেবার বিষয়ে আলোচনা করা হয়। বিভিন্ন প্রতিষ্ঠান প্রতিবন্ধী শিশুদের নিয়ে কিভাবে কাজ করছেন তাও কর্মশালায় আলোচনা করা হয়। কর্মশালায় প্রত্যেকটি প্রতিষ্ঠানের মধ্যে আন্তঃ যোগাযোগ বৃদ্ধি ও পারস্পরিক সহযোগীতা বৃদ্ধির সুপারিশ করা হয়। কর্মশালায় প্রতিবন্ধী শিশুদের ও শিশু বিকাশ কেন্দ্র সমূহের উন্নয়নের জন্য উপ-পরিচালক জেলা সমাজ সেবার মাধ্যমে কিছু প্রস্তাবনা সরকারের কাছে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। কর্মশালায় মডারেটর হিসেবে দায়িত্ব পালন করেন প্রফেসর ডাঃ মাহমুদ আহমেদ চৌধুরী আরজু।



*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের শিশু নিউরোলজী ও শিশু বিকাশ কেন্দ্রের উদ্যোগে Future of Child Development in Bangladesh শীর্ষক এক কর্মশালায় বক্তব্য রাখছেন কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম।*

***Please visit our web site***

**www.maa-shishu-ctg.org**

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের নবনির্মিত ক্যাফিটিরিয়া উদ্বোধন ও হাসপাতালের পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযানে চট্টগ্রামের মাননীয় পুলিশ কমিশনার

চট্টগ্রামের মাননীয় পুলিশ কমিশনার জনাব আবদুল জলিল মন্ডল, বিপিএম গত ০৭/১২/২০১৪ ইং তারিখ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের নবনির্মিত ক্যাফিটিরিয়া আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করেন এবং হাসপাতাল এলাকার পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযানে অংশ গ্রহণ করেন। তিনি হাসপাতালের বিভিন্ন বিভাগ সমূহ পরিদর্শন করেন এবং হাসপাতালের পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেন। তিনি হাসপাতালের সার্বিক কার্যক্রম ও পরিষ্কার পরিচ্ছন্নতায় খুবই সন্তোষ প্রকাশ করেন। এই উপলক্ষে হাসপাতালের লেকচার গ্যালারীতে কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি মাননীয় পুলিশ কমিশনার বলেন, সকলের সম্মিলিত প্রচেষ্টায় এবং সহযোগিতায় তিনি চট্টগ্রামকে একটি পরিচ্ছন্ন যানজট মুক্ত ও সুন্দর নগরী হিসেবে গড়ে তুলতে চান। এ ব্যাপারে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তিনি ছাত্র-ছাত্রীদের ভাল ডাক্তার হওয়ার পাশাপাশি একজন ভাল মানুষ হওয়ার জন্য পরামর্শ দেন। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, ডাঃ মাহফুজুর রহমান, ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী আলহাজ্ব নুর মোহাম্মদ, কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ রেজাউল করিম আজাদ, ডাঃ কামরুন নাহার দস্তগীর, মিসেস রেখা আলম চৌধুরী, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, কাউন্সিলর মোঃ জাহাঙ্গীর আলম প্রমুখ। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির সদস্য ইঞ্জিনিয়ার মোঃ জাবেদ আবছার চৌধুরী, জনাব আনোয়ারুল ইসলাম, ডাঃ মোঃ পারভেজ ইকবাল শরীফ, জনাব এস এম কুতুব উদ্দিন ও জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া প্রমুখ। অনুষ্ঠানে মেট্রোপলিটন পুলিশের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ এবং হাসপাতাল ও মেডিকেল কলেজের শিক্ষক/শিক্ষিকা, ডাক্তার, নার্স কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীগণ উপস্থিত ছিলেন।



*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের নবনির্মিত ক্যাফিটিরিয়া উদ্বোধন ও হাসপাতালের পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান উপলক্ষে আয়োজিত সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন চট্টগ্রামের পুলিশ কমিশনার জনাব আবদুল জলিল মন্ডল, বিপিএম।*

## সাউথ আফ্রিকার মাননীয় হাই কমিশনার এর চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন

সাউথ আফ্রিকার মাননীয় হাই কমিশনার Mr. Reoff Doidge (H.E) গত ১০/১১/২০১৪ ইং তারিখ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন করেন। পরিদর্শনকালে মাননীয় হাই কমিশনারের সাথে তার স্ত্রী Mrs. Carol Doidge বিশিষ্ট সমাজ সেবক জনাব সোলায়মান আলম শেঠ ও মাসরুর মাওলা উপস্থিত ছিলেন। মাননীয় হাই কমিশনার হাসপাতালের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিভাগ সমূহ যেমন - হাসপাতাল বহির্বিভাগ, বিশেষায়িত শিশু বিকাশ কেন্দ্র, নিওনেটাল ইউনিট, এডাল্ট আইসিইউ, সিসিইউ, শিশু আইসিইউ ইউনিট পরিদর্শন করেন। এরপর তিনি হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম ও কার্যনির্বাহী কমিটি ও হাসপাতালের কর্মকর্তাদের সাথে এক সৌজন্য বৈঠকে মিলিত হন। এ সময় হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ রেজাউল করিম আজাদ, ডাঃ কামরুন নাহার দস্তগীর, জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া, ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, নিওনেটাল বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ডাঃ ওয়াজির আহমেদ, উপ-পরিচালক (নার্সিং) - ডাঃ মোঃ লিয়াকত আলী ভূঁইয়া ও সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ মোশাররফ হোসাইন প্রমুখ। মাননীয় হাই কমিশনার হাসপাতালের সার্বিক কার্যক্রমে খুবই সন্তোষ প্রকাশ করেন এবং হাসপাতালের সার্বিক কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন। তিনি বলেন, হাসপাতালে আসার আগে আমি ধারনাই করতে পারিনি যে এখানে এত বড় একটি চেরিটেবল হাসপাতাল পরিচালিত হচ্ছে। এখানে যারা কাজ করছেন তারা মানবতার সেবায় কাজ করছেন। তাদের কোন তুলনা হয়না। তিনি এই হাসপাতাল যারা প্রতিষ্ঠা করেছেন এবং এখানে যারা মানবতার সেবায় কাজ করছেন তাদের প্রতি কৃতজ্ঞতা জানান। তিনি আশা প্রকাশ করেন, নির্মিতব্য নতুন হাসপাতাল ভবনের কাজ সম্পন্ন হলে এখানে আরো অনেক বেশি সেবা দেয়া সম্ভব হবে। তিনি চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উত্তরোত্তর সাফল্য ও সমৃদ্ধি কামনা করেন।


*সাউথ আফ্রিকার মাননীয় হাই কমিশনার Mr. Reoff Doidge (H.E) হাসপাতাল পরিদর্শনে আসলে হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট তাকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান।*

## চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতাল এর বিশেষায়িত চিকিৎসা সেবা সমূহ

১. শিশু বিকাশ কেন্দ্র (শারীরিক ও মানসিক প্রতিবন্ধি শিশুদের চিকিৎসা সেবা)
২. হেমোডায়ালাইসিস ইউনিট (কিডনী রোগীদের ডায়ালাইসিস সেবা)
৩. বয়স্কদের আইসিইউ (নিবিড় পরিচর্যা) ও এইচডিইউ সার্ভিস
৪. সিসিইউ সার্ভিস (হৃদরোগ পরিচর্যা)
৫. পেডিয়াট্রিকস আইসিইউ, সিসিইউ ও এইচডিইউ সার্ভিস
৬. নিওনেটাল আইসিইউ সার্ভিস
৭. ল্যাপারোস্কোপিক সার্জারী (শিশু ও বয়স্কদের)
৮. ইউরোলজি (শিশু ও বয়স্কদের) সার্ভিস
৯. প্লাষ্টিক সার্জারী সহ শিশু সার্জারী বিভাগের সকল জটিল অপারেশন
১০. শিশু স্বাস্থ্য বিভাগের বিভিন্ন সাব-স্পেশালিটি ক্লিনিক
১১. বিশেষজ্ঞ চিৎসকরদের কনসালট্যান্সি সার্ভিস
১২. ফিজিক্যাল মেডিসিন এন্ড রিহ্যাবিলিটেশন সেন্টার
১৩. এ্যাজমা সেন্টার (হাঁপানী রোগীদের চিকিৎসা)
১৪. ডায়াবেটিক ও হাইপারটেনশন ক্লিনিক
১৫. ক্লাব ফুট সার্ভিস
১৬. থ্যালাসেমিয়া ইউনিট
১৭. হেমাটোলজি ইউনিট
১৮. হেলথ চেকআপ প্যাকেজ সেবা।

## হাসপাতালের ডায়াগনষ্টিক সার্ভিস সমূহ :

**হাসপাতালে অত্যাধুনিক যন্ত্রপাতি ও বিশেষজ্ঞ চিকিৎসকগণের তত্ত্বাবধানে স্বল্প খরচে নিম্নবর্ণিত ডায়াগনস্টিক সেবা চালু আছে।**

১. কালার ডপলার
২. ইকোকার্ডিওগ্রাফি
৩. আল্ট্রাসনোগ্রাফি
৪. এন্ডোসকপি, ইআরসিপি, কলোনোস্কপি
৫. এক্সরে
৬. ই.সি.জি
৭. ইটিটি
৮. ইইজি
৯. ক্লিনিক্যাল প্যাথলজি
১০. বায়োকেমিষ্ট্রি
১১. মাইক্রোবায়োলজি
১২. হিষ্টোপ্যাথলজি
১৩. সাইটোপ্যাথলজি
১৪. সিটিজি
১৫. কলপোস্কপি

## হাসপাতালে স্বল্প খরচে নিম্নবর্ণিত চিকিৎসা সেবার ব্যবস্থা রয়েছে।

১) হাসপাতাল বহির্বিভাগে সকাল ৮.০০ টা থেকে রাত ৮.০০ টা পর্যন্ত চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে।
২) অবস এন্ড গাইনী বিভাগে স্বল্প খরচে নরমাল ডেলিভারি, সিজারিয়ান অপারেশন, জরায়ু অপারেশন সহ সকল চিকিৎসা সেবার ব্যবস্থা রয়েছে।
৩) জেনারেল সার্জারী, অর্থোপেডিক সার্জারী, শিশু সার্জারী, নাক-কান-গলা ও চক্ষু বিভাগে স্বল্প খরচে বিশেষজ্ঞ চিকিৎসকের মাধ্যমে সকল অপারেশনের ব্যবস্থা রয়েছে।


## বিশেষজ্ঞ চিকিৎসকের তত্ত্বাবধানে সুলভ মূল্যে আইসিইউ সেবা

চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতালে বিশেষজ্ঞ চিকিৎসকের তত্ত্বাবধানে গুরুতর অসুস্থ রোগীদের জন্য সর্বাধুনিক মেডিকেল যন্ত্রপাতি সমৃদ্ধ এডাল্ট আইসিইউ (নিবিড় পরিচর্যা কেন্দ্র) চালু আছে। স্বল্প খরচে এই হাসপাতালে আইসিইউ সেবা প্রদান করা হচ্ছে। নিম্নবর্ণিত বিশেষজ্ঞ চিকিৎসকগণ আইসিইউ ইউনিটে কনসালটেন্ট হিসেবে নিয়োজিত আছেন।

**ডাঃ ফারহানা মাহমুদ**, এমবিবিএস, এমআরসিপি (ইউকে), সহকারী অধ্যাপক (এডাল্ট আইসিইউ), এক্স কনসালটেন্ট, আইসিইউ, কিং ফাহাদ হসপিটাল, জেদ্দা, সৌদি আরব।
আইসিইউতে ১৪ বছরের অভিজ্ঞতা সম্পন্ন।

**ডাঃ মোঃ মনিরুল করিম**, এমবিবিএস, ডিএ, কনসালটেন্ট (এডাল্ট আইসিইউ)
ঢাকাস্থ এপোলো ও ল্যাব এইড হাসপাতালে দীর্ঘদিন আইসিইউতে কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন এবং এডভান্স কার্ডিয়াক লাইফ সাপোর্টের উপরে বিশেষভাবে প্রশিক্ষণ প্রাপ্ত।

এছাড়া হাসপাতালের এডাল্ট আইসিইউ ইউনিট আইসিইউতে বিশেষভাবে প্রশিক্ষন প্রাপ্ত ডাক্তার, নার্স দ্বারা পরিচালিত হচ্ছে।




*আইসিইউ এ্যাম্বুলেন্স*

## CHATTAGRAM MAA-SHISHU O GENERAL HOSPITAL

Agrabad, Chittagong.

Hospital Activities for the Month **October-December '14**

| Out Patient Dept. : | Oct'14 | Nov'14 | Dec'14 |
|---|---|---|---|
| Paediatric Medicine | 3336 | 4814 | 5699 |
| Adult Patient (Medicine) | 1194 | 1648 | 1462 |
| Obs. & Gynae | 1568 | 1763 | 1791 |
| **Consultancy Service** | | | |
| Paediatric Medicine | 460 | 525 | 681 |
| Adult Medicine | 379 | 438 | 295 |
| Surgical (Paediatric) | 560 | 790 | 784 |
| Surgical (General) | 486 | 457 | 463 |
| Mini O.T. | 631 | 637 | 665 |
| ENT | 822 | 1032 | 851 |
| Orthopaedics | 862 | 992 | 927 |
| Skin Diseases | 773 | 762 | 732 |
| Eye | 665 | 477 | 513 |
| Dental Cases | 369 | 574 | 414 |
| Psychology | 73 | 96 | 85 |
| Neurology | 269 | 331 | 200 |
| Asthma Clinic | 260 | 226 | 92 |
| Family Planning | 60 | 120 | 190 |
| Psychiatry | 132 | 145 | 125 |
| Dots Corner | 175 | 220 | 220 |
| Spech Therapy | 225 | 211 | 197 |
| Physiotherapy | 280 | 752 | 977 |
| L.M.C | 50 | 70 | 60 |
| E.P.I | 1873 | 886 | 1007 |
| Gastroenterology Unit | 46 | 60 | 51 |
| EEG | 35 | 48 | 77 |
| RNDA | 169 | 168 | 194 |
| GDA | 18 | 18 | 12 |
| Low Vision | 77 | 112 | 106 |
| MTW | - | 04 | 09 |
| Sitting Fitting | 07 | 16 | 18 |
| **Total** | .. | .. | .. |
| Referred Cases | 142 | 160 | 154 |
| In-Patient Dept. : | | | |
| Paediatric (Admission) | 3650 | 3611 | 3684 |
| Maternity (Admission) | 601 | 621 | 579 |
| Neonatal (Admission) | 114 | 215 | 227 |
| Medicine (Admission) | 596 | 547 | 488 |
| Adult CCU (Admission) | 18 | 21 | 31 |
| Paediatric Surgery (Admission) | 138 | 159 | 119 |
| Paediatric Surgery (Operation) | 151 | 168 | 183 |
| Operation Obs. & Gynae | 278 | 302 | 279 |
| General Surgery (Admission) | 156 | 154 | 127 |
| General Surgery (Operation) | 29 | 33 | 22 |
| Orthopadic Surgery (Admission) | 53 | 65 | 57 |
| Orthopadic Surgery (Operation) | 33 | 24 | 11 |
| E.N.T. (Admission) | 22 | 23 | 12 |
| E.N.T. (Operation) | 06 | 12 | 08 |
| Eye (Admission) | 01 | 03 | - |
| Eye (Operation) | - | 07 | 02 |
| Paediatric CCU (Admission) | 26 | 22 | 36 |
| Adult ICU (Admission) | 78 | 14 | 25 |
| Adult HDU (Admission) | 10 | 12 | 05 |
| Paediatric HDU (Admission) | 56 | 42 | 36 |
| Urology (Admission) | 19 | 26 | 23 |
| Urology (Operation) | 04 | 08 | 08 |
| Cabin (Admission) | 334 | 360 | 363 |
| **Total** | | | |
| ORT | 40 | 110 | 72 |
| Pathology | 6323 | 6179 | 5726 |
| Radiology | 2227 | 2336 | 2193 |
| Ultrasanography | 839 | 901 | 750 |
| E.C.G | 280 | 250 | 190 |
| Kidney Dialysis | 247 | 256 | 283 |
| Echocardiogram | 90 | 140 | 139 |
| Emergency | 6500 | 4523 | 5111 |
| Total Deth | 67 | 59 | 72 |

### *DONORS OF -October,November & December 2014*

| | October | November | December |
|---|---|---|---|
| **Materials:-** | **0** | **0** | **0** |
| **Medicin ;-** | | | |
| Mr, Mahmoodul Haque. | 282 | 0 | 0 |
| City Overseas | 0 | 180 | 0 |
| The Ibn Sina Pharmacuticals industry limited | 0 | 1748 | 0 |
| Populer Infusion Ltd. | 0 | 505 | 0 |
| Opsonin Pharma limited | 0 | 1984 | 0 |
| Biopharma Limited. | 0 | 36136 | 1806 |
| Dr Tanuka Barua | 0 | 0 | 3096 |
| prof.Dr.Wazir Ahmed | 0 | 0 | 16196 |
| Mr. Khayes Ahmed Bhuyan | 0 | 0 | 693 |
| **Total :** | **282** | **40553** | **21791** |
| **Cash:** | | | |
| Premir Cement Ltd. (For C.T.Scan Machine) | 0 | 500000 | 0 |
| CMSOGH (For C.T.Scan Machine) | 71807 | 100000 | 0 |
| Biezid Steel Ind Ltd (For C.T.Scan Machine) | 215000 | 0 | 0 |
| RSRM Ltd (For C.T.Scan Machine) | 0 | 0 | 50000 |
| Lions Club Of Chittagong | 7200 | 0 | 0 |
| C M P Donation. | 0 | 30000 | 60000 |
| **Tatal:** | 0 | 0 | 0 |
| | **294007** | **630000** | **110000** |
| **Donation of The Month:** | **294289** | **670553** | **131791** |
| **Engr.L.K.Siddiqi Memorial.P. P. B. Fund.** | | | |
| Chattagram Maa,Shishu-O-General Hospital. | 256937 | 243252 | 254342 |
| Received From M.R Card. | 6000 | 19500 | 14000 |
| CMSOGH ( Khichury Fund) | 0 | 76285 | 99570 |
| Dr,Mahfuzur Rahman | 0 | 2565 | 0 |
| Mr.Matiur Rahman | 0 | 5000 | 0 |
| Matron & All Nursing Staff (CMOSH). | 0 | 1200 | 600 |
| Mr.Zahid Hossain | 0 | 0 | 6000 |
| Mr. Naved Ahmed | 0 | 0 | 5000 |
| Police Commisoner (CMP) | 0 | 0 | 10000 |
| **Tatal:** | **262937** | **347802** | **389512** |
| **Zakat Received:** | **25500** | **40000** | **501600** |

# Chattagram Maa-O-Shishu Hospital

***Chattagram Maa-O-Shishu Hospital Bulletin*** ● October-December 2014

**BOOK POST / PRINTED MATTERS**

To,

Postage

If undelivered please return to:
**Chattagram Maa-O-Shishu Hospital**
Jamboree Field, Agrabad, Chittagong, Bangladesh.
Phone : 880-31-718521 / 718525/711236/2520063, Fax : 880-31-2525409
E-mail : cmoshctg@gmail.com **Web Site : www.maa-shishu-ctg.org**

## নিম্নবর্ণিত বিশেষজ্ঞ চিকিৎসকগণ হাসপাতালের ডায়াগনস্টিক বিভাগে কাজ করছেন এবং বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষার রিপোর্ট প্রদান করছেন

*ক্লিনিক্যাল প্যাথলজি ও হিষ্টোপ্যাথলজি বিভাগ ঃ*

- প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ
  এমবিবিএস, এমসিপিএস, এমফিল, এমডি - বিভাগীয় প্রধান
- ডাঃ রাজিয়া সুলতানা
  এমবিবিএস, ডিসিপি, এমসিপিএস - সহযোগী অধ্যাপক
- ডাঃ মোঃ বাবুল ওসমান চৌধুরী
  এমবিবিএস, এমফিল - সহযোগী অধ্যাপক

*রেডিওলজি এন্ড ইমেজিং বিভাগ ঃ*

- প্রফেসর (ডাঃ) আনিসুল মওলা
  এমবিবিএস, ডিএমআরডি - বিভাগীয় প্রধান
- ডাঃ কাবেরী মজুমদার
  এমবিবিএস, এম.ফিল - সহকারী অধ্যাপক
- ডাঃ ইউনান সুলতানা
  এমবিবিএস, এম.ফিল - সহকারী অধ্যাপক

*বায়োকেমিষ্ট্রি বিভাগ ঃ*

- প্রফেসর (ডাঃ) জেসমিন আবেদীন
  এমবিবিএস, এমফিল - অধ্যাপক
- ডাঃ ফারহানা আহমেদ
  এমবিবিএস, এমফিল - সহকারী অধ্যাপক

*ইইজি*

- প্রফেসর ডাঃ মাহমুদ আহমেদ চৌধুরী আরজু
  এমবিবিএস, ডিসিএইচ, এফসিপিএস, এফআরসিপি - অধ্যাপক (শিশু স্বাস্থ্য) ও পরিচালক, ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ
- ডাঃ মোঃ মোস্তফা
  এমবিবিএস, এমসিপিএস - সিনিয়র কনসালটেন্ট (মানসিক রোগ বিভাগ)

*মাইক্রোবায়োলজি বিভাগ ঃ*

- প্রফেসর নাহিদ সুলতানা
  এমবিবিএস, এমফিল, ডি.বেক্ট - বিভাগীয় প্রধান
- ডাঃ সঞ্জয় কান্তি বিশ্বাস
  এমবিবিএস, এমসিপিএস, এমফিল - সহযোগী অধ্যাপক

*গ্যাষ্ট্রোএন্টারলজি বিভাগ ঃ*

- ডাঃ মোহাম্মদ ইউসুফ
  এমবিবিএস, পিএইচ.ডি
  অনারারী সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান

বিশ্বখ্যাত অলিম্পাস মেশিনে ইআরসিপি, ভিডিও এন্ডোসকপি ও কলোনোস্কপি করা হয়।

*ইকো কার্ডিওগ্রাম, ইটিটি ও ইসিজি ঃ*

- ডাঃ মোঃ আবু তারেক ইকবাল
  এমবিবিএস, ডি.কার্ড, এমডি (ইন্টার্নাল মেডিসিন), এমডি (কার্ডিওলজি) - সহযোগী অধ্যাপক ও ইনচার্জ
- ডাঃ শেখ মোহাম্মদ হাছান মামুন
  এমবিবিএস, এমডি (কার্ডিওলজি), এফসিপিএস (ইন্টার্নাল মেডিসিন), এমআরসিপি - সহযোগী অধ্যাপক
- ডাঃ মোঃ আইয়ুব
  এমবিবিএস, ডি-কার্ড - জুনিয়র কনসালটেন্ট

## ২৪ ঘন্টা সেবাসমূহ :

*১. ২৪ ঘন্টা ব্লাড ট্রান্সফিউশন সার্ভিস*
*২. ২৪ ঘন্টা ইমার্জেন্সি সার্ভিস।*
*৩. ২৪ ঘন্টা এ্যাম্বুলেন্স সার্ভিস ও আইসিইউ এ্যাম্বুলেন্স সার্ভিস*
*৪. ২৪ ঘন্টা টেলিফোন সার্ভিস।*
*৫. থ্যালাসেমিয়া রোগীদের সার্বক্ষণিক রক্ত দেয়ার ব্যবস্থা*

*বি.দ্র : সুলভ মূল্যে হাসপাতালের আইসিইউ এ্যাম্বুলেন্স ও সাধারণ এ্যাম্বুলেন্স ব্যবহারের জন্য সকলকে অনুরোধ করা হইল।*

**EDITORIAL BOARD :**

• Chairman Editorial Board : **Dr. Anjuman Ara Islam** • Chief Editor : **S. M. Morshed Hossain**
• Executive Editor : **Nur Mohammed** • Editor : **Md. Rezaul Karim Azad**
• Printed by : **Pack & Robi Printers.** Mobile : 01718 371001